গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
উন্নয়ন অনুবিভাগ

নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০২.২১-১৮ তারিখঃ ৩০.০১.২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ পয়লা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (মডেল) কেন্দ্র, ঘিওর, মানিকগঞ্জ এর পরিদর্শন প্রতিবেদন।

সূত্রঃ নং- নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০২.২১-৬, তারিখঃ ১০.০১.২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে গত ২৯/০১/২০২৩ খ্রিঃ তারিখ নিম্নস্বাক্ষরকারী কর্তৃক পয়লা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ঘিওর, মানিকগঞ্জ পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় উপপরিচালক, উপজেলা পরিবরা পরিকল্পনা কর্মকর্তা, সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল বিভাগ, মানিকগঞ্জ ও তার অফিসের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, পরিদর্শনের সময় মডেল স্বাস্থ্য কেন্দ্রের সার্বিক কার্যক্রম সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত ফরম পূরণ পূর্বক পৃথকভাবে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ পরিদর্শন প্রতিবেদন ০২ (দুই) ফর্দ।

৩০/০১/২০২৩

এ.কে.এম. নূরুন্নবী কবির
অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ফোন-৫৫১০০৮২২

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## পয়লা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (মডেল) ঘিওর, মানিকগঞ্জ পরিদর্শন প্রতিবেদন।

কর্মকর্তা নাম, পদবী ও কর্মস্থলঃ জনাব এ. কে. এম. নূরুন্নবী কবির, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পরিদর্শিত কার্যালয়ের নামঃ পয়লা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ঘিওর, মানিকগঞ্জ। পরিদর্শনের তারিখঃ ২৯/০১/২০২৩ খ্রিঃ।

| ক্র. নং | বিষয় | পর্যবেক্ষণ |
|---|---|---|
| ১। | কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি | কার্যালয়েস্থিত হাজিরা খাতা মোতাবেক দপ্তরে কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি অত্যন্ত সন্তোষজনক। |
| ২। | স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের নির্ধাতির ও নিয়মিত পরিদর্শন করে কিনা? | হ্যাঁ, নিয়মিত পরিদর্শন করা হয়। |
| ৩। | প্রতিষ্ঠানটিতে সর্বশেষ পরিদর্শনকারীর নাম, পদবী ও তারিখ | হ্যাঁ, ২২/০৯/২০২২, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৪। | সেবা প্রদানের রেজিষ্টারসমূহ সঠিকভাবে ব্যবহার হচ্ছে কিনা? | হ্যাঁ, হচ্ছে। |
| ৫। | জন্ম নিয়ন্ত্রণ সামগ্রীর মজুদ/বিতরণ পরিস্থিতি সঠিক আছে কিনা? | জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর মজুদ ও বিতরণের সামঞ্জস্যতা রয়েছে। বিগত ০৬ (ছয়) মাসে কোন সার্ভিস ডেলিভারী পয়েন্টে স্টক আউট হয়নি। |
| ৬। | অন্যান্য ঔষধ ও এমএসআর এর মজুদ/ বিতরণ পরিস্থিতি সঠিক আছে কিনা? | ইনভেন্টরি কন্ট্রোল রেজিষ্টার (আইসিআর) যাচাই করে অন্যান্য ঔষধ, এমএসআর মজুদ এবং বিতরণ পরিস্থিতি সঠিক পাওয়া যায়। |
| ৭। | অব্যবহারযোগ্য দ্রব্যাদি সঠিকভাবে সংরক্ষণ ও বিনষ্টকরণ হচ্ছে কিনা? | অব্যবহারযোগ্য দ্রবাদি সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে। মেয়াদ উত্তীর্ণ ঔষধ ধ্বংস বা বিনষ্টকরণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ৮। | কার্যালয় ও সেবা কেন্দ্রসমূহের ভৌত অবস্থা, আসবাবপত্র সঠিকভাবে আছে কিনা এবং পরিস্কার পরিচ্ছন্ন বজায় রাখা হচ্ছে কিনা? | সেবা কেন্দ্রসমূহের ভৌত অবস্থা ভালো। আসবাবপত্র সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে। অভ্যন্তর এবং বাহিরে চার পাশের পরিবেশ পরিস্কার পরিচ্ছন্ন আছে। |
| ৯। | সেবাদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) নির্দেশিকা অনুযায়ী হালনাগাদ আছে কিনা? | পরিদর্শিত কার্যালয়সহ সেবা কেন্দ্রসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ আছে। |
| ১০। | বিভিন্ন কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয় কিনা এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী আছে কিনা? | স্থানীয় চেয়ারম্যানের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১১। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অগ্রগতি | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩) সু-সম্পন্ন হয়েছে। চুক্তির আলোকে নির্দেশনা মোতাবেক ত্রৈমাসিক অগ্রগতির তথ্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। |
| ১২। | কৈশোর বান্ধব স্বাস্থ্য সেবা কর্ণার এবং সেবা প্রদান কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা? | ধামশ্বর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কৈশোরবান্ধব কর্ণারে সেবাপ্রদান কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। |
| ১৩। | কর্মকর্তা-কর্মচারীদের বাসস্থানের ভৌত অবস্থা | পয়লা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে দোতালায় বসবাসযোগ্য ২ টি বাসায় বসবাস করেন। |
| ১৪। | নির্ধারিত বাসায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারি বসবাস করেন কিনা? | হ্যা, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ও আয়া বসবাস করেন। |
| ১৫। | বিদ্যুৎ, পানি, সরবরাহ ব্যবস্থা সঠিকভাবে আছে কিনা? | বিদ্যুৎ পানি, সরবরাহ ব্যবস্থা সঠিকভাবে আছে। পানিতে আয়রণ বেশী। এখানে সংস্কার করা প্রয়োজন। |
| ১৬। | স্যাটেলাইট ক্লিনিকের কার্যক্রম পরিদর্শন | স্যাটেলাইটে কার্যক্রম হয় তবে অদ্য পরিদর্শন করা সম্ভব হয় নাই। |
| ১৭। | স্কুল স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম পরিদর্শন | নিয়মিত অনুষ্ঠিত হয় মর্মে জানা যায়। |

| | | |
|---|---|---|
| ১৮। | উঠান বৈঠক | নিয়মিত বৈঠক করেন স্থানীয় এলাকায়। |
| ১৯। | পরিদর্শিত এনজিও এর নাম এবং কার্যক্রম | কোন এনজিও স্বাস্থ্য সেবা মূলক কাজ করে না। |
| ২০। | কনসেন্টফরম/পেমেন্টরেজিষ্টার মোতাবেক স্থায়ী ও দীর্ঘ মেয়াদি পদ্ধতি বিরতণ তাৎক্ষণিক যাচাই (জিও এবং এনজিও) | কনসেন্টফরম/পেমেন্টরেজিষ্টার মোতাবেক মোতাবেক স্থায়ী ও দীর্ঘ মেয়াদি পদ্ধতি বিরতণ তাৎক্ষণিক যাচাই করা হয়েছে। যাচাইয়ান্তে সঠিক পাওয়া যায়। |
| ২১। | পরিবার কল্যাণ সহকারী রেজিষ্টার যাচাই | পয়লা ইউনিয়নে কর্মরত পরিবার কল্যাণ সহকারীদের রেজিস্ট্রার যাচাই করে সঠিক পাওয়া গেল। |
| ২২। | স্থানীয় কোন উদ্ভাবনী উদ্যোগ আছে কিনা? | হ্যাঁ, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার নিজ উদ্যোগে এলাকার জনগন, সেবা প্রার্থীদের সাথে মোবাইল ফোনের মাধ্যমে নিয়মিত যোগাযোগ ও পরামর্শ দিয়ে থাকেন। |
| ২৩। | স্থানীয় জনগণের সঙ্গে মতামত বিনিময় এবং স্থানীয় জনগণের কোন অভিযোগ আছে কিনা? | স্থানীয় জনগণের সঙ্গে মতামত বিনিময়কালে জানা যায় প্রতিদিন ৭০/৮০ জন রোগী সেবা গ্রহণের জন্য আসে। |
| ২৪। | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের কোন অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে কিনা? | এ অফিসে ১টি অভিযোগ বক্স স্থাপন করা আছে। |
| ২৫। | সার্বিক পরিস্থিতি সম্পর্কে মতামত | ইউনিয়ন পরিবার পরিকল্পনা কার্যালয়, পয়লা, ঘিওর এর সার্বিক কার্যক্রম সন্তোষজনক। পয়লা ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রটি তেরশ্রী বাজারের উত্তর পার্শ্বে পুরানো উপস্বাস্থ্য কেন্দ্রের একই কম্পাউন্ডে নির্মিত। ফলে কেন্দ্রটিতে সেবা প্রার্থীদের স্থান সংকুলান হয় না। পুরানো উপস্বাস্থ্য কেন্দ্রটি অন্যত্র স্থানান্তর করে মেরামত করা জরুরী। |

৬০/০৫/২০২৬

এ. কে. এম. নূরুন্নবী কবির
অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।